যুগান্তর

তারিখ 24 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

# জাবিতে দুই শিক্ষকের নেতৃত্বে ভবনে ভাংচুরের অভিযোগ

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দুই শিক্ষকের নেতৃত্বে পরিবেশ বিজ্ঞান বিভাগে হামলার অভিযোগ করেছে ওই বিভাগ কর্তৃপক্ষ। এ হামলায় পরিবেশ বিজ্ঞান বিভাগের ৪৩তম আবর্তনের শিক্ষার্থী মমিনুল ইসলাম মমিন আহত হন। অভিযুক্ত দু'জন শিক্ষক হলেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক মুহম্মদ হানিফ আলী ও সহযোগী অধ্যাপক আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান। শনিবার পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা এ হামলার প্রতিবাদে ক্যাম্পাসে মৌন মিছিল শেষে প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন করেছে। পরে তারা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলামের কাছে দু'জন শিক্ষক ও ৬ জন ছাত্রের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।

জানা গেছে, ভবন বরাদ্দ নিয়ে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের সঙ্গে পরিবেশ বিজ্ঞান বিভাগের চলমান দ্বন্দ্বে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী দুই দফায় পরিবেশ বিজ্ঞান বিভাগের পক্ষে রায় দেয়। কিন্তু প্রায় দুই মাস ধরে পরিবেশ বিজ্ঞানের বরাদ্দ বাতিলের দাবিতে আন্দোলন করে যাচ্ছে ওই ভবনে অবস্থান করা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। তার অংশ হিসাবে শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে ক্যাম্পাসে মশাল মিছিল করে তারা। মশাল মিছিল শেষে রাত ৯টার দিকে পরিবেশ বিজ্ঞান বিভাগে হামলা করা হয়।

অভিযোগপত্রে আরও বলা হয়, শুক্রবার রাতে হামলার সময় পরিবেশ বিজ্ঞান বিভাগের বিদ্যুৎ সংযোগ দুই দফায় বিচ্ছিন্ন করে দেয়া হয়। পরে দুই শিক্ষকের নেতৃত্বে পরিবেশ বিজ্ঞান বিভাগে হামলা করা হয়। হামলায় তৃতীয় তলার ক্লাস রুমের জানালা ও আসবাবপত্র ভাংচুর করা হয়েছে।

এ সম্পর্কে অভিযুক্ত ড. মুহম্মদ হানিফ বলেন, 'মশাল মিছিলের সময় আমি ভবনের ভেতরে আমার অফিসে ছিলাম। সময় দিলাম প্রমাণ করতে পারলে ওই সময়ে চাকরি ছেড়ে দেব।

শিক্ষক সমিতির সভাপতি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. খবির উদ্দিন যুগান্তরকে বলেন, বিভাগের পক্ষ থেকে ভিসির কাছে লিখিত অভিযোগ দেয়া হয়েছে। অভিযোগে দু'জন শিক্ষক ও ৬ জন শিক্ষার্থীর নাম উল্লেখ আছে।